



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের রাস্তার পরিচিতি নম্বর প্রদান নির্দেশিকা চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান	: সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ
তারিখ ও সময়	: ২০ সেপ্টেম্বর ২০২২, সোমবার, বেলা ২.০০ টা
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	: পরিশিষ্ট-‘ক’

সভার আলোচনা:

১.১ সভার সভাপতি স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের সড়ক সংলগ্ন অবকাঠামোসমূহের তালিকা প্রণয়ন ও রাস্তার পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে প্রকল্পের মাধ্যমে ইতঃপূর্বে কাজ করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সিটি কর্পোরেশন এবং পৌরসভার রাস্তাসমূহের পরিচিতি নম্বর প্রদান করে সুশৃঙ্খলা আনয়নের জন্য জোর দিয়েছেন। যেকোন উন্নত দেশের রাস্তার বিপরীতে পরিচিতি নম্বর রয়েছে। তিনি প্রারম্ভিক বক্তব্যে উল্লেখ করেন যে, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে গৃহিত প্রকল্পসমূহ বিশেষ করে রাস্তা/সড়কের ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠা, এগুলোর গুণগতমান নিশ্চিত করা সহ যেন কোনো কাজের পুনরাবৃত্তি না ঘটে সে জন্য রাস্তার পরিচিতি নম্বর প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিভাগের আওতাধীন এলজিইডি কর্তৃক সকল গ্রামীণ সড়কসমূহের আইডি নম্বর প্রদান করা হয়েছে। উক্ত আইডির মাধ্যমে সড়কগুলোর উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করা হয়। অতঃপর তিনি অদ্যকার সভার আলোচ্যসূচি ও সার্বিক অগ্রগতি উপস্থাপনের জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী-কে অনুরোধ জানান।

১.২ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী সভাকে অবহিত করেন যে, এলজিইডি'র ন্যায় সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের আওতাধীন রাস্তাসমূহে আইডি নম্বর প্রদান করার বিষয়ে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় অভিপ্রায় ব্যক্ত করেছেন। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় আরবান রেজিলিয়েন্স প্রকল্পের একটি কম্পোনেন্টের আওতায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশনের রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদান এবং অবশিষ্ট ০৯টি সিটি কর্পোরেশনের সংশ্লিষ্টদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং তদপ্রেক্ষিতে উক্ত বিষয়ে গত ২৫ নভেম্বর ২০২১ তারিখে আরেকটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ হতে রাস্তার নামকরণের বিষয়ে পৃথক কর্মসেল গঠন এবং ফোকাল পার্সনদের নাম সংগ্রহ করা হয়েছে। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) এর নেতৃত্বে সংশ্লিষ্ট ফোকাল পার্সনদের নিয়ে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে গত ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিষয়ক খসড়া গাইডলাইন প্রণয়নের জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-কে আহবায়ক করে ১৭ (সতের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির গত ১১ এপ্রিল ২০২২ ও ০৬ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় আরবান রেজিলিয়েন্স প্রকল্প-ডিএনসিসি পার্ট, CEGIS এবং এলজিইডি কর্তৃক সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের রাস্তার পরিচিতি নম্বর প্রদান বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকা বিস্তারিত পর্যালোচনা করা হয়। প্রাপ্ত খসড়া নির্দেশিকা চূড়ান্তকরণের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।

M

১.৩ এ পর্যায়ে সভাপতি উল্লেখ করেন, সিটি কর্পোরেশন ও পৌরসভার নিজস্ব সক্ষমতায় উক্ত কার্যক্রমটি করা সম্ভব এবং উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এলজিইডি, আরবান রেজিলিয়েন্স প্রকল্প-ডিএনসিসি পার্ট, CEGIS-এর সহায়তায় এ কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরবান রেজিলিয়েন্স প্রকল্প-ডিএনসিসি পার্ট, CEGIS এবং এলজিইডি হতে প্রাপ্ত নির্দেশিকা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

১.৪ জনাব এএসএম মোস্তফা আলী, পরিচালক, CEGIS সভাপতির অনুমতিক্রমে জানান, তিনি স্থানীয় সরকার বিভাগের আওতাধীন এলজিইডি'র গ্রামীণ রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের সময় উক্ত কাজে সম্পৃক্ত ছিলেন এবং বর্তমানে আরবান আরবান রেজিলিয়েন্স প্রকল্পের পরামর্শক হিসেবে কাজ করেন। তিনি সভায় সিটি কর্পোরেশনের রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদান সংক্রান্ত খসড়া নির্দেশিকার Power Point Presentation উপস্থাপন করেন।

১.৫ জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি রাস্তার পরিচিতি নম্বর প্রদানের কাজটি প্রাথমিকভাবে ০৮টি বিভাগের ০৮টি পৌরসভায় পাইলটিং হিসেবে করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, সফটওয়্যার প্রস্তুত ও সার্ভে করার জন্য ফার্ম নির্বাচনে ০৬ মাস সময় লাগবে। তথ্য সংরক্ষণ ও হালনাগাদকরণের জন্য বিশেষ করে পৌরসভায় ডিজিটাল সার্ভে (জিআইএস বেজড) করার মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য ১২ মাস, সংগৃহিত তথ্য ডাটা এন্ট্রি/ইম্পোর্ট প্রক্রিয়ায় সফটওয়্যার প্রবেশকরণ, চালুকরণ, সংরক্ষণ, সফটওয়্যারটি ০৮টি পৌরসভায় প্রদান ও পরিচালনার জন্য ০৬ মাস এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য ০৬ মাসসহ মোট ৩৬ (ছত্রিশ) মাস সময় লাগবে। তিনি সভাপতির অনুমতিক্রমে পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদান সংক্রান্ত খসড়া নির্দেশিকার Power Point Presentation উপস্থাপন করেন।

১.৬ জনাব ফরিদ আহাম্মদ, প্রধান নির্বাহী কর্মকর্তা অল্পসময়ের মধ্যে খসড়া গাইডলাইন তৈরির জন্য অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর নেতৃত্বে গঠিত কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন সিটি কর্পোরেশনের রাস্তা বলতে কী বুঝায় তা সুনির্দিষ্ট করা প্রয়োজন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ইতোমধ্যে ইন্ডিয়েটেড সিটি মাস্টার প্ল্যান ২০২০-২০৫০ করা হয়েছে। উক্ত মাস্টার প্লানে ওয়ার্ডভিত্তিক প্ল্যান রয়েছে এবং প্রত্যেকটি ওয়ার্ডে হোল্ডিং এর যাবতীয় তথ্য জিআইএস ভিত্তিক সকল ইনভেন্টরি সন্নিবেশ রয়েছে। সেখান থেকে প্রত্যেকটি হোল্ডিং চিহ্নিত করা যাচ্ছে। উক্ত সিটি কর্পোরেশনের একটি ওয়ার্ড পরীক্ষামূলক কাজ করা হয়েছে এবং উক্ত ওয়ার্ডের ১০০% হোল্ডিং চিহ্নিতকরণসহ রাজস্ব আয় করা সম্ভব হয়েছে। বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন আরবান রেজিলিয়েন্স প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ প্রকল্প। দুর্যোগকালীন সময়ে উক্ত প্রকল্পের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধিতে অনেক সহায়তা প্রদান করা হয়েছে। আরবান রেজিলিয়েন্স প্রকল্পের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে এম্বুলেন্স, ইউআই, এমারজেন্সি অপারেশন সেন্টার, ওয়ারহাউজ নির্মাণ করা হয়েছে। তিনি নির্দেশিকায় ব্যবহৃত অধিক পরিমাণ ইংরেজি শব্দের পরিবর্তে শ্রুতিমধুর সহজবোধ্য বাংলা শব্দ ব্যবহারের জন্য অনুরোধ জানান।

১.৭ মোহাম্মদ শহীদুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন জানান, সিটি কর্পোরেশন ও পৌরসভার রাস্তার পরিচিতি নম্বর প্রদানের লক্ষ্যে গাইডলাইন প্রস্তুতকারী কমিটিকে ধন্যবাদ জানান। তিনি সিটি কর্পোরেশনের রাস্তাসমূহের Primary Road, Secondary Road, Connector Road and Access Road এর মধ্যে Access Road এর নামটি পরিবর্তন করার জন্য অনুরোধ করেন।

১.৮ জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী, যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ বলেন, সংশ্লিষ্ট ফোকাল পার্সনদের নিয়ে গঠিত ওয়ার্কিং কমিটি কর্তৃক খসড়া গাইডলাইন পর্যালোচনা করা হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, বিএনবিসি, এলজিইডি-এর রাস্তার পরিচিতি নম্বর রয়েছে। সিটি কর্পোরেশন ও পৌরসভার মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনেক রাস্তা রয়েছে এবং উক্ত বিভাগ কর্তৃক সেগুলোর উন্নয়ন কার্যক্রম করা হয়ে থাকে। উক্ত রাস্তাসমূহ বাদ দিয়ে শুধুমাত্র সিটি কর্পোরেশন ও পৌরসভার মালিকানাধীন রাস্তাসমূহের পরিচিতি নম্বর প্রদান করা হলে শৃঙ্খলা ও স্বচ্ছতা ফিরে আসবে। সিটি কর্পোরেশন ও পৌরসভার রাস্তার পরিচিতি নম্বর প্রদানের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড নম্বর প্রদান করতে হবে।



১.৯ যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) জনাব মোঃ সবুর হোসেন সভায় জানান, সিটি কর্পোরেশন ও পৌরসভার মালিকানাধীন রাস্তাসমূহের পরিচিতি নম্বর প্রদানের ক্ষেত্রে প্রস্তুতকৃত গাইডলাইনটি অনেক সহায়ক হবে। উক্ত কাজটি খুব সতর্কতার সাথে করতে হবে।

১.১০ সভায় জনাব সাঈদ আহম্মেদ, প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ব্রিগেডিয়ার জেনারেল মুহঃ আমিরুল ইসলাম, পিএসসি, প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, শেখ মুজাফ্ফা জাহের অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১), জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-২), জনাব মোহাম্মদ আরিফুর রহমান, প্রকল্প পরিচালক, আরবান রিজিলিয়েন্স প্রকল্প, নীলুফা ইয়াসমিন চৌধুরী, প্রধান নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভা খসড়া, জনাব মোঃ তানভীর রহমান মোল্লা, আরবান প্লানার, সিলেট সিটি কর্পোরেশন নির্দেশিকার বিষয়ে তাদের সুচিন্তিত মতামত প্রদান করেন।

১.১১ সভাপতি বলেন, জনস্বার্থে বর্ণিত কাজটি করা হচ্ছে বিধায় পৌরসভার রাস্তার পরিচিতি নম্বর প্রদানের পাইলটিং এর ক্ষেত্রে সময়ের দিকে একটু খেয়াল রাখতে হবে। অল্পসময়ের মধ্যে সুন্দর একটি নির্দেশিকা তৈরির জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি নির্দেশিকায় সিটি কর্পোরেশনের রাস্তা বলতে সিটি কর্পোরেশনের মালিকানাধীন রাস্তা বুঝাবে মর্মে স্পষ্টীকরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। কারণ সিটি কর্পোরেশন বা পৌরসভার আওতাধীন এলাকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগসহ অন্যান্য সংস্থার রাস্তাও থাকতে পারে। একই সাথে তিনি সিটি কর্পোরেশন এবং পৌরসভার ০৪(চার) ক্যাটাগরীর রাস্তার (Primary Road, Secondary Road, Connector Road এবং Access Road) সনাক্তকরণের ক্ষেত্রে রাস্তার ক্যাটাগরীভিত্তিক শ্রেণিবিন্যাস হিসেবে অক্ষরভিত্তিক না করে সংখ্যাভিত্তিক (Numeric) ডিজিট ব্যবহার এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার জন্য পৃথক পৃথক সার্ভারের পরিবর্তে কেন্দ্রীয় সার্ভারের মাধ্যমে এ সংক্রান্ত সফটওয়্যার প্রবর্তনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি সভার আলোচনা অনুযায়ী এ বিষয়গুলো সংযোজন/সংশোধনপূর্বক আগামী ০৭(সাত) দিনের মধ্যে সিটি কর্পোরেশন ও পৌরসভার জন্য পৃথক পৃথক নির্দেশিকা দু'টি চূড়ান্ত করা ও সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একটি সভা/ওয়ার্কশপ আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন।

২. সভার সিদ্ধান্ত:

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে অদ্যকার সভায় প্রাপ্ত মতামত/ সুপারিশ বিশেষ করে সিটি কর্পোরেশনের রাস্তার সংজ্ঞা, রাস্তার শ্রেণিবিন্যাসের ক্ষেত্রে অক্ষরভিত্তিক না করে সংখ্যাভিত্তিক (Numeric) ডিজিট ব্যবহার, অধিক মাত্রায় ইংরেজি শব্দ পরিহার করে শ্রুতিমধুর সহজবোধ্য বাংলা শব্দ ব্যবহার, কেন্দ্রীয় সার্ভারের মাধ্যমে সফটওয়্যার প্রবর্তন ও সময়বদ্ধ কর্মপরিকল্পনা ইত্যাদি সংযোজনপূর্বক আগামী-০৭(সাত) কর্মদিবসের মধ্যে নির্দেশিকা দু'টি চূড়ান্ত করতে হবে।	(১) প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, ডিএনসিসি (২) জনাব এএসএম মোস্তফা আলী, পরিচালক, CEGIS (৩) প্রধান প্রকৌশলী, এলজিইডি
(২)	পরবর্তীতে গাইডলাইন/নির্দেশিকা সংশ্লিষ্ট অংশীজনদের (স্টেকহোল্ডার) অংশগ্রহণে নির্দেশিকা দু'টি বাস্তবায়নের লক্ষ্যে শীঘ্রই একটি সভা/ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	(১) নগর উন্নয়ন অনুবিভাগ, (২) প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, ডিএনসিসি

৩. পরিশেষে সভাপতি অদ্যকার সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি:


(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

সচিব

স্থানীয় সরকার বিভাগ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা,..... সিটি কর্পোরেশন (সকল)।
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী,..... সিটি কর্পোরেশন (সকল)।
৬. উপসচিব (পৌর-১/পৌর-২/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা..... পৌরসভা (সংশ্লিষ্ট)।
৮. জনাব এম এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
১১. মেয়রের একান্ত সচিব,.....সিটি কর্পোরেশন (সকল)।
১২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. প্রকল্প পরিচালক, আরবান রিজিলিয়েন্স প্রকল্প (ডিএনসিসি পার্ট), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১০. জনাব এ এস এম মোস্তফা আলী, পরিচালক, CEGIS.
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।


(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd